31

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 15 AUG 1996 ...
পৃষ্ঠা ... ১২ কলাম ... ৪ ...

# মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল পরীক্ষার ফল প্রকাশিত

গতকাল বুধবার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের গত এপ্রিলে অনুষ্ঠিত দাখিল পরীক্ষার ফল প্রকাশ হইয়াছে। পরীক্ষায় ১৭১৪২ ছাত্রী-সহ মোট ৮০৩২৭ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। উহার মধ্যে ১৫৮৭১ জন প্রথম বিভাগ, ৩৬০৫৪ জন দ্বিতীয় বিভাগ ও ৪১১২ জন তৃতীয় বিভাগ পাইয়া উত্তীর্ণ হইয়াছে। সম্মিলিত পাসের হার শতকরা ৬৯ দশমিক ৭৬ ভাগ।

সম্মিলিত মেধা তালিকায় কুমিল্লা জেলার ধামতী ইসলামিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র রোল ধামতী নং ৪২৯৯ কাজী মোঃ মাহবুবুর রহমান সর্বমোট ৮৫১ নম্বর পাইয়া প্রথম বিভাগে প্রথম স্থান, রোল আমতলী নম্বর ৬৯৯৯৫ মোঃ আঃ কুদ্দুস সর্বমোট ৮৪৯ নম্বর পাইয়া দ্বিতীয় স্থান ও রোল শিবচর নম্বর ১৫৯৫৮ মোঃ আলী আজম সর্বমোট ৮৪৮ নম্বর পাইয়া তৃতীয় স্থান লাভ করিয়াছে।

মহিলাদের মেধা তালিকায় ঢাকা জেলার মাহমুদা খাতুন মহিলা আলিম মাদ্রাসার ছাত্রী রোল ঢাকা নম্বর ১৬ তাহমিনা পাশা সর্বমোট ৮৩৯ নম্বর পাইয়া প্রথম বিভাগে প্রথম এবং একই মাদ্রাসার রোল ঢাকা নম্বর ১৫ ফাহমীদা পাশা সর্বমোট ৮৩৮ নম্বর পাইয়া দ্বিতীয় স্থান ও রোল ঢাকা নম্বর ৫৪ আয়েশা তাহেরা ৭৯৮ নম্বর পাইয়া তৃতীয় স্থান লাভ করিয়াছে।

—প্রেস বিজ্ঞপ্তি